Nicco Parks & Resorts Limited

A Joint Sector Co. with GoWB (WBIDC & WBTDC)
REGD. OFFICE : JHEEL MEEL, SECTOR IV, SALT LAKE CITY, KOLKATA - 700 106
CIN : L92419WB1989PLC046487, nicco_park

SECY/P-1A-NPRL/St.Ex/02/26-27

Date: 11.11.2026

The Manager
Department of Listing Compliance
Bombay Stock Exchange Ltd.
1st Floor, New Trading Ring
Rotunda Bldg, P J Towers
Dalal Street, Mumbai- 400 001.
[Fax Nos. 022-2272 3121/2037/2041/2061]
(Scrip/Company Code: 526721/Niccopar)

Dear Sir,

Subject: Submission of Newspaper Advertisement

In terms of Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (as amended), we submit herewith copies of the Newspaper Advertisements published in "Business Standard" (English newspaper) (Kolkata Editions) and "Ekdin" (Bengali newspaper) (Kolkata Edition) on November 11, 2026 respectively, with respect to the Un-Audited (Standalone and Consolidated) Financial Results of the Company for the Quarter and six months ended September 30, 2026 and the same is also being made available on the website of the Company, viz., www.niccoparks.com.

Kindly acknowledge receipt.

Thanking you.

Yours faithfully,
For **NICCO PARKS & RESORTS LTD.**

Ankit Kr - Bhardwaj
Ankit Kumar Bhardwaj
Company Secretary & Compliance Officer

NICCO PARKS & RESORTS LIMITED

CIN: L92419WB1989PLC046487
Registered Office : "JHEEL MEEL", Sector IV, Salt Lake City, Kolkata-700 106
E-mail : niccopark@niccoparks.com, Website : www.niccoparks.com

STATEMENT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND HALF YEAR ENDED 30TH.SEPTEMBER, 2026

(Rs. In Lakhs)

	PARTICULARS	STANDALONE			CONSOLIDATED		
		Quarter ended 30.09.2026	Half Year ended 30.09.2026	Quarter ended 30.09.2025	Quarter ended 30.09.2026	Half Year ended 30.09.2026	Quarter ended 30.09.2025
	(Refer notes below)	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Unaudited)	(Unaudited)
1	Total Income from Operations (Net)	1021.61	2926.63	1150.15	1021.61	2926.63	1150.15
2	Net Profit (+) / Loss(-) for the period (before Tax, Exceptional and /or Extraordinary items)	(236.33)	469.96	23.60	(233.64)	505.93	30.85
3	Net Profit (+) / Loss(-) for the period before tax (after Exceptional and /or Extraordinary items)	(236.33)	469.96	23.60	(233.64)	505.93	30.85
4	Net Profit (+) / Loss(-) for the period after tax (after Exceptional and /or Extraordinary items)	(170.60)	348.13	17.59	(168.29)	378.96	23.80
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	(203.10)	392.19	5.92	(199.15)	426.20	11.59
6	Equity Share Capital (Face Value: Re.1 /- per share)	468.00	468.00	468.00	468.00	468.00	468.00
7	Other Equity (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of the previous year	9944.16 As at 31.03.2026	9944.16 As at 31.03.2026	8064.83 As at 31.03.2025	9991.99 As at 31.03.2026	9991.99 As at 31.03.2026	10250.53 As at 31.03.2025
8	Earnings Per Share for the period (Face Value: Re.1 /- per share) - Basic and Diluted (not annualised)	(0.36)	0.74	0.04	(0.36)	0.81	0.05

Notes:

1 The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the audited Financial Results for the Quarter and Half Year ended September, 2026 is available on the Stock Exchange website (www.bseindia.com) and on the Company's website (www.niccoparks.com).

2 The above unaudited financial results for the Quarter and Half Year ended 30th.Sept, 2026 were reviewed by the Audit Committee and thereafter, approved by the Board of Directors and was taken on record at their meeting held on 9th.November, 2026.

3 As per the Joint Sector Agreement (hereinafter referred to as "JSA") dated 23-Feb-90 executed between The National Insulated Cable Company of India Limited (known as Nicco Corporation Limited, hereinafter referred to as NCL, under liquidation), West Bengal Tourism Development Corporation Limited (hereinafter referred to as "WBTDCL") and West Bengal Industrial Development Corporation Limited (hereinafter referred to as "WBIDCL"), the Company's land on which the Amusement Park and F&B & Other Recreational Operations are being carried out was made available to the Company for a period of 33 years on lease with renewal clause of two more terms of similar period. Pursuant to liquidation proceedings against NCL, shares of the Company held by them has been transferred and thereby, the JSA as specified therein has become infructuous and inoperative. Moreover, the first tenure of the lease of 33 years vide agreement dated 05-Jul-91 between Governor of the State of West Bengal and the Company had expired on 28-Feb-23. Necessary application for the renewal of lease agreement has been made with Department of Tourism, Government of West Bengal vide letter dated 11-Oct-22, is pending to be executed as on this date. Pending this, and finalisation of the terms and conditions thereof, the provision for the fees and charges as estimated by the management applying its own judgement for possible enhancement following the prudent principle of accounting has continued to be made in these financial results. Further, such fees and charges as agreed upon in terms of the earlier agreement, have been continued to be paid. As stated by the management, the application for renewal is under active consideration and in principle approval in this respect has been given by Government of West Bengal, and lease is expected to be renewed. Accordingly, operations and related arrangements have been considered as ongoing as per the terms and conditions provided in the above agreement and required provisions including for depreciation etc. has been recognised and the financial results have been continued to be prepared on Going Concern Basis.

4 "The Department of Tourism, Government of West Bengal ("State Government"), vide its communication issued during the previous year and pursuant to a unilateral decision, repossessed with effect from 08-Nov-25 certain parcels of land aggregating approximately 1.46 acres, earlier utilized by the Company for its "F&B and Other Recreational Facilities" under the existing lease/ operational arrangements with the State Government. The repossession and transition of operations was effected prior to completion/ formalization thereof under the original lease arrangements with the Company.

Pending renewal of the lease as stated in Note 3 above, and formalization of the above arrangement, the Company, in the interest of continuity of public operations and customer services, has continued to undertake and manage such operations on behalf of the WBTDCL. Accordingly, management and supervision charges amounting to Rs. 7.16 Lakhs for the half year ended 30-Sep-26 (Previous Year ended 31-Mar-26: Rs. 31.10 Lakhs) have been recognized under Other Income. Further, expenditure incurred and/ or allocated in connection with the aforesaid F&B and Other Recreational Facilities operations has been recovered on an ongoing basis from WBTDCL. The Company is in discussion with the concerned Government authorities/ entities and has also made a representation to the State Government Departments regarding the status of the operation currently being undertaken in absence of any formal agreement to the effect. The decision in this respect is awaited as on this date and consequential adjustments, if any, shall be effected on determination of the same."

5 The Government of India vide notification dated 21-Nov-25 has notified the Code on Wages, 2019, the Industrial Relations Code, 2020, the Code on Social Security, 2020, and the Occupational Safety, Health and Working Conditions Code, 2020 (collectively referred to as 'the Labour Code') consolidating and replacing the then existing multiple labour legislations in the country. Consequently, the potential impact on the employee benefit and expenses on account of past service costs amounting to Rs. 47.02 lakhs, as estimated and determined by an independent actuary, had been recognized and disclosed as employee benefit expenses in the financial statements for the year ended 31-Mar-26. Further, the provision pertaining to the quarter and half year ended 30-Sep-26 as estimated has been recognized during the current period. The developments and further clarifications in this respect are being continued to be monitored and consequential further adjustments will be given effect to on determination in subsequent period.

6 Previous Period's figures have been re-arranged / re-grouped wherever necessary.

Place: Kolkata
Date : 09.11.2026

For and on behalf of the Board of Directors
Rahul Mitra
MANAGING DIRECTOR & CEO
(DIN: 07119881)

P-6-AMAR BANGLA 11.11. 2026_Layout 1 11/10/2026 10:05 PM Page 1

পাটকাঠির মশাল জেলে বিসর্জন 'মেজ ঠাকরুনের'



নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: পূর্ব বর্ধমানের কাটোয়া থানার মুস্থলী গ্রামের জাগ্রত মা-কালী এলাকায় 'বোলতলা কালী' নামে পরিচিত। গ্রামের বাসিন্দাদের কাছে তিনি 'মেজ ঠাকরুন' নামেও পূজিত হন। প্রায় ৩০০ বছরের প্রাচীন এই পুজোকে ঘিরে রয়েছে নানা ইতিহাস, লোককথা ও দীর্ঘদিনের ঐতিহ্য।

জনশ্রুতি অনুযায়ী, প্রায় ৩০০ বছর আগে এক তন্ত্রসাধক গ্রামের একটি বকুল গাছের তলায় ছোট মূর্তি প্রতিষ্ঠা করে দেবীর পুজো শুরু করেন। সাধকের মৃত্যুর পর তাঁর নির্দেশ অনুযায়ী ওই স্থানেই তাঁকে সমাধিস্থ করা হয়। পরবর্তীকালে ভক্তদের অনুদানে সেখানে গড়ে ওঠে দেবীর বিশাল মন্দির। সাধকের মৃত্যুর পর স্থানীয় জমিদাররা বেশ কিছুদিন দেবীর পুজোর দায়িত্ব পালন করেন। জমিদারি প্রথা বিলুপ্ত হওয়ার পর তাঁরা স্থানীয় বাসিন্দা রানি দাসের হাতে পুজোর দায়িত্ব তুলে দেন। রানি দাসের উত্তরসূরি অশোক কুমার দাস জানান, 'চার পুরুষ ধরে আমরা এই পুজো চালিয়ে আসছি। বর্তমানে এটি বারোয়ারি পুজো। একটি ট্রাস্ট কমিটি গঠন করা হয়েছে। পুজো কমিটির উদ্যোগেই বর্তমানে পুজো পরিচালিত হয়।' তবে বোলতলা কালীমায়ের পুজোর সবচেয়ে বড় আকর্ষণ প্রতিমা বিসর্জন। এই বিসর্জনকে ঘিরে রয়েছে এক অভিনব ও প্রাচীন রীতি। সাধারণত প্রতিমা বিসর্জনের জন্য বাহক ঠিক করা হলেও এখানে তার প্রয়োজন হয় না। কারণ, মাকে কাঁধে নেওয়ার জন্য গ্রামবাসীদের মধ্যে রীতিমতো হুড়োহুড়ি পড়ে যায়। ভক্তি ও আবেগের টানে সকলেই মাকে কাঁধে নেওয়ার সুযোগ পেতে চান। পাটকাঠির মশালের আলোয় আলোকিত হয়ে ওঠে বিসর্জনের পথ। কাঁধে প্রতিমা নিয়ে বাহকরা দৌড়াতে দৌড়াতে পাশের আমডাঙা গ্রামে পৌঁছন। সেখানে বুড়ো শিবের সঙ্গে দেখা করে ফিরে আসার পর মন্দিরের পাশের পুকুরে প্রতিমা বিসর্জন দেওয়া হয়। বছরের পর বছর ধরে এই রীতিই চলে আসছে। যাতে কোনো বিশৃঙ্খলা না ঘটে তারজন্য কাটোয়া থানার পুলিশ প্রশাসন থাকে। সব মিলিয়ে বোলতলা কালীমায়ের পুজো শুধু ধর্মীয় আচার-অনুষ্ঠানের মধ্যেই সীমাবদ্ধ নয়, এর সঙ্গে জড়িয়ে রয়েছে মুস্থলী গ্রামের ইতিহাস, বিশ্বাস ও আবেগ। প্রায় ৩০০ বছরের ঐতিহ্যকে বুকে নিয়ে আজও নিষ্ঠা ও ভক্তির সঙ্গে পুজো করে চলেছেন গ্রামের বাসিন্দারা। আর বিসর্জনের দিন মাকে কাঁধে নেওয়ার সেই হুড়োহুড়ি, মশালের আলোয় দৌড়ে যাওয়ার দৃশ্য দেখতে মুখিয়ে থাকেন অসংখ্য ভক্ত ও দর্শনার্থী।

অন্নকূট মহোৎসব পালন শ্রীধাম মায়াপুর ইসকনে

নিজস্ব প্রতিবেদন, নদিয়া: শতাধিক পদে পাহাড় চূড়া সমান ভোগ নিবেদন করে অনকূট মহোৎসব পালন মায়াপুর ইসকন মন্দিরে। মায়াপুর ইসকনে যথাযথ ধর্মীয় মর্যাদা, নিষ্ঠা ও বৈদিক রীতিনীতি মেনে মহা সমারোহে পালিত হচ্ছে গিরিরাজ গোবর্ধন পূজা ও অন্নকূট মহোৎসব। ভক্তি, আধ্যাত্মিকতা এবং কৃষ্ণপ্রেমের এক অপূর্ব মেলবন্ধনে উৎসবমুখর হয়ে উঠেছে গোটা মায়াপুর ধাম। এই বিশেষ পুণ্যতিথিকে কেন্দ্র করে দেশ-বিদেশের অসংখ্য ভক্ত ও দর্শনার্থীর সমাগম ঘটেছে ইসকন মন্দির প্রাঙ্গণে। হিন্দু বৈষ্ণব ধর্মীয়



পরম্পরায় গোবর্ধন পূজার বিশেষ তাৎপর্য রয়েছে। শ্রীকৃষ্ণের লীলার সঙ্গে জড়িয়ে রয়েছে এই পূজার মাহাত্ম্য। পৌরাণিক কাহিনী অনুসারে, একসময় ব্রজবাসীদের প্রবল বৃষ্টি ও ঝড়ের হাত থেকে রক্ষা করতে ভগবান শ্রীকৃষ্ণ তাঁর কনিষ্ঠ আঙুলে গোবর্ধন পর্বত তুলে ধরেছিলেন। সেই লীলাকে স্মরণ করেই প্রতিবছর কার্তিক মাসের শুক্লপক্ষের প্রতিপদ তিথিতে পালিত হয় গোবর্ধন পূজা। ভক্তদের বিশ্বাস, গিরিরাজ গোবর্ধনের আরাধনার মধ্য দিয়ে ভগবান শ্রীকৃষ্ণের প্রতি ভক্তি ও আত্মসমর্পণের বার্তা বহন করা হয়। বিভিন্ন ধরনের নিরামিষ খাদ্যসামগ্রী, ফলমূল, মিষ্টান্ন ও সুস্বাদু ভোগ সাজিয়ে ভগবানের উদ্দেশে নিবেদন করা হয়। ভক্তদের কাছে এই অন্নকূট মহোৎসব শুধুমাত্র একটি ধর্মীয় অনুষ্ঠান নয়, বরং ভগবানের প্রতি কৃতজ্ঞতা, ভালোবাসা ও ভক্তি নিবেদনের এক বিশেষ মাধ্যম।

স্কুলের জমি দখল করে বাড়ি-দোকান!

কাঠগড়ায় শাহজাহানের ঘনিষ্ঠ

নিজস্ব প্রতিবেদন, সন্দেশখালি: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন গুঁড়িয়ে জমি দখল করে ব্যক্তিগত বাড়ি ও দোকান নির্মাণের অভিযোগ উঠল সন্দেশখালির তালতলায়। অভিযোগের নিশানায় তৃণমূল নেতা শেখ শাহজাহানের ঘনিষ্ঠ অনুগামীরা। সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জমি কীভাবে ব্যক্তিগত দখলে চলে গেল, তা নিয়ে ক্ষোভে ফুঁসছেন স্থানীয় বাসিন্দারা। অবিলম্বে দখলমুক্ত করে ওই জমিতে প্রাথমিক বিদ্যালয় পুনরায় চালুর দাবি উঠেছে।

স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, তৃণমূল সরকার ক্ষমতায় আসার পরই তালতলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন ভেঙে ফেলা হয়। এরপর ধাপে ধাপে বিদ্যালয়ের জমি দখল করে সেখানে ব্যক্তিগত বাড়ি ও দোকান নির্মাণ করা হয়েছে। তাঁদের প্রশ্ন, সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জমিতে কীভাবে ব্যক্তিগত নির্মাণ সম্ভব হল? প্রশাসনের নজরদারি থাকা সত্ত্বেও কীভাবে একটি প্রাথমিক বিদ্যালয়ের অস্তিত্ব মুছে গেল, তা নিয়েও উঠছে প্রশ্ন। বিদ্যালয় বন্ধ হয়ে যাওয়ায় এলাকার ছোট ছোট পড়ুয়াদের শিক্ষার সুযোগ ক্ষতিগ্রস্ত হয়েছে বলে দাবি বাসিন্দাদের। তাঁদের বক্তব্য, সরকারি স্কুলের জমি কোনও ব্যক্তির সম্পত্তি হতে পারে না। রাজনৈতিক প্রভাব খাটিয়ে যদি সরকারি সম্পত্তি দখল করা হয়ে থাকে, তাহলে তা অবিলম্বে উদ্ধার করতে হবে। শুধু প্রতিশ্রুতি নয়, জমি পুনরুদ্ধার করে সেখানে ফের পঠনপাঠন শুরুর দাবি জানিয়েছেন তাঁরা। এ বিষয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর হস্তক্ষেপও দাবি করেছেন এলাকাবাসী। বিষয়টি নিয়ে সন্দেশখালির বিধায়ক সনদ সরদার বলেন, 'এটি সরকারি সম্পত্তি এবং একটি শিক্ষা প্রতিষ্ঠান। তাই অবশ্যই এই জায়গা ছেড়ে দেওয়া উচিত।' গোটা বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাসও দিয়েছেন বিধায়ক।



বাঁদনা পরবে মেতেছেন চন্দ্রকোনার কামারখালির আদিবাসী সম্প্রদায়ের মানুষজন।



ঘাটাল থানার কালীপুজোয় নরনারায়ণ সেবা। নিজের হাতে প্রসাদ বিতরণ পুলিশ আধিকারিক পাপিয়া সুলতানার।

বাঁকুড়ায় পথ দুর্ঘটনায় মৃত ৩

নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া: বাঁকুড়ার ইন্দপুর থানার জুনবেদিয়া গ্রামে ভয়াবহ বাইক দুর্ঘটনায় মৃত্যু হয়েছে পুরুলিয়ার মানবাজারের তিন যুবকের। এই তিনজনের নাম শুভম মোহন্ত, আকাশ সিং এবং সুমন চন্দ। এই মৃতদের সকলেরই বয়স কুড়ি থেকে বাইশের মধ্যে। জেলার ইন্দপুর থানার জুনবেদিয়া এলাকায় সোমবার গভীর রাতে বাইক নিয়ে দুর্ঘটনার মুখে পড়েন তারা। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, রাত দেড়টা নাগাদ নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা বিদ্যুতের খুঁটিতে ধাক্কা মারে বাইকটি। তিন যুবককে উদ্ধার করে পুলিশ। বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়া হয় তাদের। কিন্তু কর্তব্যরত চিকিৎসক তিন জনকেই মৃত বলে ঘোষণা করেন।

কালীপুজোর মধ্যেই পুরুলিয়ার রঘুনাথপুরে ৪ যুবকের মৃত্যু

নিজস্ব প্রতিবেদন, পুরুলিয়া: কালীপুজোর মধ্যেই পুরুলিয়ার রঘুনাথপুর থানা এলাকায় পৃথক পৃথক ঘটনায় মৃত্যু হল চারজন যুবকের। মৃতেরা হল শেখ জাফরণ ওরফে জাফরউদ্দিন (২০), হারু কৈবর্ত (৪৪) সমীর লাহা (৪২) ও সঞ্জয় মালাকার (২৮)। মৃত শেখ জাফরউদ্দিনের বাড়ি রঘুনাথপুর থানার অন্তর্গত লালুরডি গ্রামে। হারু কৈবর্তর বাড়ি রঘুনাথপুর থানার অন্তর্গত রামকানালী গ্রামে। সমীর লাহার বাড়ি পাড়া থানার আনাড়ার চাপুড়িতে। আর সঞ্জয় মালাকারের বাড়ি রঘুনাথপুর থানার অন্তর্গত বড়রা গ্রাম পঞ্চায়েতের লালপুর গ্রামে। প্রথম দুর্ঘটনাটি ঘটে কালীপুজোর পরের দিন অর্থাৎ সোমবার রাতে। ওই দিন রাতে মোটরবাইকে করে বাড়ি ফিরছিলেন জাফরউদ্দিন। রঘুনাথপুর থানার অন্তর্গত গোবরান্দা মোড়ের অদূরে মৌতড়ের কালীপুজার মেলা দেখে আত্মীয়র বাড়ি যাওয়ার পথে দুই মোটর বাইকের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হয় শেখ জাফরণ ওরফে জাফরউদ্দিন নামে যুবকের। মৃত যুবকের এক আত্মীয় জানান, জাফরউদ্দিন গুজরাটে একটি বেসরকারি কোম্পানিতে কাজ করত। কিছুদিন আগে সে বাড়ি এসেছিল। অন্যদিকে, রঘুনাথপুর থানার অন্তর্গত রামকানালী গ্রামের বাসিন্দা হারু কৈবর্তর গ্রামের অদূরে পুকুরের জলে ডুবে মৃত্যু হয়। অপরদিকে, রঘুনাথপুর থানার অন্তর্গত বড়রা গ্রাম পঞ্চায়েতের লালপুর গ্রামের যুবক সঞ্জয় মালাকারের মঙ্গলবার দুপুরে বাড়ির অদূরে একটি জঙ্গলের মধ্যে গাছ থেকে ঝুলন্ত দেহ উদ্ধার করে পুলিশ। এছাড়াও পাড়া থানার আনাড়ার চাপুড়ির এক ব্যক্তির অস্বাভাবিক মৃত্যুর ঘটনা ঘটেছে। মর্মান্তিকভাবে পৃথক পৃথক ঘটনায় চার যুবকের মৃত্যুর পাশাপাশি রঘুনাথপুর মহকুমা এলাকার আনাড়া, আদ্রা-সহ বিভিন্ন এলাকায় একাধিক পথ দুর্ঘটনায় মোট ১২ জন আহত হয়ে রঘুনাথপুর সুপার স্পেশ্যালিটি হাসপাতালে ভর্তি হয়। তাদের মধ্যে কয়েকজনের অবস্থা সংকটজনক হওয়ার কারণে তাদের অন্যত্র রেফার করা হয়েছে।

গয়েশপুরের তৃণমূল কার্যালয়ে বিপুল সরকারি বালতি উদ্ধার

নিজস্ব প্রতিবেদন, মালদা: ২১ নম্বর ওয়ার্ডের তৃণমূলের একটি কার্যালয় থেকে কয়েক হাজার বালতি উদ্ধারের ঘটনাকে ঘিরে ব্যাপক রাজনৈতিক উত্তেজনা ছড়ালো। মঙ্গলবার সকালে সংশ্লিষ্ট ওয়ার্ডের গয়েশপুর এলাকার এই ঘটনার খবর পেয়ে তদন্তে পৌঁছায় ইংরেজবাজার থানার পুলিশ। পরে সেই অব্যবহৃত সরকারি বালতিগুলি, পুরসভায় পাঠানোর ব্যবস্থা করা হয়। তবে এই ঘটনাকে ঘিরে স্থানীয় বিজেপি এবং প্রাক্তন শাসক দল তৃণমূলের মধ্যে চরম বিতর্ক তৈরি হয়েছে। পাশাপাশি স্থানীয় বিজেপি দলের কাউন্সিলার সুতপা মুখোপাধ্যায় পুরো বিষয়টি নিয়ে দলেরই পুরসভার চেয়ারম্যান অম্লান ভাদুরির কাছে লিখিত অভিযোগ দায়ের করেছেন। পাল্টা স্থানীয় তৃণমূল নেত্রী চৈতালি সরকার তাদের দলের পার্টি অফিস স্থানীয় কাউন্সিলরের কৌশলে দখল করার চেষ্টা অভিযোগ করেছেন।

পুরসভা এবং স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ২১ নম্বর ওয়ার্ডটি ইংরেজবাজার শহরের ঝলঝলিয়া গয়েশপুর এলাকায় অবস্থিত। এই ওয়ার্ডটি বিজেপির দখলে থাকলেও তৃণমূলের জামানায় এই ওয়ার্ডের পাশাপাশি গোটা ঝলঝলিয়া এলাকায় দাপট ছিল প্রাক্তন শাসকদলের নেতা তথা ২২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর বাবলা সরকারের। তৃণমূল সরকারের আমলে ২০, ২১ এবং ২২ নম্বর এই ওয়ার্ডগুলির আনাচে-কানাচে যতগুলি পার্টি অফিস গড়ে উঠেছিল সবই বাবলা সরকারের নেতৃত্বে। কিন্তু ২০২৫ সালের ২ জানুয়ারি দুষ্কৃতীদের গুলিতে তার এলাকা ঝলঝলিয়ায় নিহত হন বাবলা সরকার। এরপর থেকেই এইসব এলাকার সমস্ত দায়িত্ব দেওয়া হয় নিহত বাবলা সরকারের স্ত্রী চৈতালিকে। তিনি কাউন্সিলরের পাশাপাশি তৃণমূলের জেলার নেত্রীও ছিলেন। ফলে সেই সময় থেকেই সরকারি বালতির বিলির ক্ষেত্রে অনিয়ম করা হয়েছে বলেই অভিযোগ করে আসছিল বিজেপি। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন সকালে গয়েশপুর এলাকার তৃণমূলের কার্যালয়ে কেউ বা কারা দরজা ভেঙেই দুই হাজারেরও বেশি সরকারি বালতি উদ্ধার করে। আর তারপর থেকেই রাজনৈতিক গোলমাল শুরু হয়ে যায়। ২১ নম্বর ওয়ার্ডের বিজেপি কাউন্সিলর সুতপা মুখোপাধ্যায়ের অভিযোগ, 'একটা সময় এসব এলাকায় তৃণমূলের দাপট ছিল। ফলে বিরোধী দলে থেকে আমরা প্রতিবাদ করেও কিছু করতে পারি নি। পুরোসভার নিয়ম অনুযায়ী প্রতিটি ওয়ার্ডের বাড়ি বাড়ি দুটি করে নোংরা আবর্জনা ফেলার জন্য বালতি দেওয়া হয়েছে। কিন্তু এদিন দেখা গেল তৃণমূলের পার্টির অফিস থেকে হাজার হাজার সরকারি বালতি উদ্ধার হচ্ছে। এই ঘটনায় তৃণমূলের একাংশ জড়িত রয়েছে। শুধু তাই নয়, পাশের ওয়ার্ডের কাউন্সিলর চৈতালি সরকারও পার্টি অফিস আমরা ভেঙেছি বলে পাল্টা ভিত্তিহীন অভিযোগ করছে। তাই পুরো বিষয়টি চেয়ারম্যানকে জানানো হয়েছে।' এদিকে ২০ নম্বর ওয়ার্ডের তৃণমূল দলের কাউন্সিলর চৈতালি সরকার জানিয়েছেন, বিজেপির কিছু কর্মী অন্যায় ভাবে পার্টি অফিসে তালা ভেঙেছে। সাধারণ মানুষের বিলির জন্য সেই বালতি গুলো দেওয়ার কথা ছিল ঠিকই । কিন্তু বিজেপির ওয়ার্ডে সেই কাজ তো কাউন্সিলারের করার কথা। যে বালতিগুলি ওই পার্টি অফিসে মজুদ রাখার কথা বলা হচ্ছে সেটা কবে কার তাও বলতে পারব না। কারণ , আমার স্বামী মারা যাওয়ার পর থেকেই দীর্ঘদিন ধরেই পার্টি অফিসটি তালা বন্ধ ছিল। এখন এই পার্টি অফিস দখল করতে এইভাবেই ভাঙা হয়েছে বলেই মনে করা হচ্ছে। ইংরেজবাজার পুরসভার চেয়ারম্যান তথা বিধায়ক অম্লান ভাদুরি জানিয়েছেন, 'বিষয়টি শুনেছি। ২১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তথা চেয়ারম্যান ইন কাউন্সিলর এব্যাপারে আমাকে অভিযোগ জানিয়েছেন। পুরো বিষয়টি তদন্ত করে দেখা হবে।'

নিকো পার্কস অ্যান্ড রিসোর্টস লিমিটেড

সিআইএন: L92419WB1989PLC046487
রেজিস্টার্ড অফিস: "ঝিল মিল", সেক্টর IV, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ১০৬
ইমেল: niccopark@niccoparks.com, ওয়েবসাইট: www.niccoparks.com

৩০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধ-বছরের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী

(লক্ষ টাকায়)

বিবরণ (নিম্নে দ্রষ্টব্য দেখুন)	স্ট্যান্ডঅ্যালোন			কনসোলিডেটেড		
	৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক (অনিরীক্ষিত)	৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত অর্ধ-বছর (অনিরীক্ষিত)	৩০.০৯.২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক (অনিরীক্ষিত)	৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক (অনিরীক্ষিত)	৩০.০৯.২০২৬ তারিখে সমাপ্ত অর্ধ-বছর (অনিরীক্ষিত)	৩০.০৯.২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক (অনিরীক্ষিত)
১ মোট কার্যক্রমজনিত আয় (নিট)	১০২১.৬১	২৯২৬.৬৩	১১৫০.১৫	১০২১.৬১	২৯২৬.৬৩	১১৫০.১৫
২ মেয়াদের নিট লাভ (+) / ক্ষতি (-) (কর, ব্যতিক্রমী এবং/অথবা অস্বাভাবিক আইটেমের পূর্বে)	(২৩৬.৩৩)	৪৬৯.৯৬	২৩.৬০	(২৩৩.৬৪)	৫০৫.৯৩	৩০.৮৫
৩ কর-পূর্ববর্তী মেয়াদের নিট লাভ (+) / ক্ষতি (-) (ব্যতিক্রমী এবং/অথবা অস্বাভাবিক আইটেম পরবর্তী)	(২৩৬.৩৩)	৪৬৯.৯৬	২৩.৬০	(২৩৩.৬৪)	৫০৫.৯৩	৩০.৮৫
৪ কর-পরবর্তী মেয়াদের নিট লাভ (+) / ক্ষতি (-) (ব্যতিক্রমী এবং/অথবা অস্বাভাবিক আইটেম পরবর্তী)	(১৭০.৬০)	৩৪৮.১৩	১৭.৫৯	(১৬৮.২৯)	৩৭৮.৯৬	২৩.৮০
৫ মেয়াদের মোট সামগ্রিক আয় [মেয়াদের লাভ / (ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য সামগ্রিক আয় (কর পরবর্তী) সমন্বিত]	(২০৩.১০)	৩৯২.১৯	৫.৯২	(১৯৯.১৫)	৪২৬.২০	১১.৫৯
৬ ইকুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু: প্রতি শেয়ার ১/- টাকা)	৪৬৮.০০	৪৬৮.০০	৪৬৮.০০	৪৬৮.০০	৪৬৮.০০	৪৬৮.০০
৭ পূর্ববর্তী বছরের নিরীক্ষিত ব্যালেন্স শীটে প্রদর্শিত অন্যান্য ইকুইটি (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত)	৯৯৪৪.১৬ ৩১.০৩.২০২৬ তারিখ অনুযায়ী	৯৯৪৪.১৬ ৩১.০৩.২০২৬ তারিখ অনুযায়ী	৮০৬৪.৮৩ ৩১.০৩.২০২৫ তারিখ অনুযায়ী	৯৯৯১.৯৯ ৩১.০৩.২০২৬ তারিখ অনুযায়ী	৯৯৯১.৯৯ ৩১.০৩.২০২৬ তারিখ অনুযায়ী	১০২৫০.৫৩ ৩১.০৩.২০২৫ তারিখ অনুযায়ী
৮ মেয়াদের শেয়ার প্রতি আয় (ফেস ভ্যালু: প্রতি শেয়ার ১/- টাকা) - মৌলিক এবং মিশ্রিত (বার্ষিকীকৃত নয়)	(০.৩৬)	০.৭৪	০.০৪	(০.৩৬)	০.৮১	০.০৫

দ্রষ্টব্য:

১ উপরোক্ত বিবরণটি এসইবিআই (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জসমূহের কাছে দাখিলকৃত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফরম্যাটের একটি সারাংশ। সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধ-বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাটটি স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.niccoparks.com)-এ উপলব্ধ রয়েছে।

২ ৩০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধ-বছরের উপরোক্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফলগুলি অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত হয়েছে এবং পরবর্তীতে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং ৯ই নভেম্বর, ২০২৬ তারিখে অনুষ্ঠিত তাদের সভায় নথিবদ্ধ করা হয়েছে।

৩ দ্য ন্যাশনাল ইনসুলেটেড কেবল কোম্পানি অফ ইন্ডিয়া লিমিটেড (যা নিকো কর্পোরেশন লিমিটেড নামে পরিচিত, অতঃপর এনসিএল হিসেবে উল্লিখিত, লিকুইডেশনের অধীনে), ওয়েস্ট বেঙ্গল ট্যুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (অতঃপর "ডব্লুবিটিডিসিএল" হিসেবে উল্লিখিত) এবং ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (অতঃপর "ডব্লুবিআইডিসিএল" হিসেবে উল্লিখিত)-এর মধ্যে সম্পাদিত ২৩-ফেব্রুয়ারি-৯০ তারিখের যৌথ ক্ষেত্র চুক্তি (অতঃপর "জেএসএ" হিসেবে উল্লিখিত) অনুসারে, যে জমিতে অ্যামিউজমেন্ট পার্ক এবং এফঅ্যান্ডবি ও অন্যান্য বিনোদনমূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে, তা কোম্পানিকে একই মেয়াদের আরও দুটি মেয়াদে নবায়নের শর্তসহ ৩৩ বছরের জন্য ইজারায় প্রদান করা হয়েছিল। এনসিএল-এর বিরুদ্ধে লিকুইডেশন কার্যক্রমের প্রেক্ষিতে, তাদের ধারণকৃত কোম্পানির শেয়ার হস্তান্তর করা হয়েছে এবং এর ফলে সেখানে উল্লিখিত জেএসএ নিষ্ফল ও অকার্যকর হয়ে পড়েছে। অধিকন্তু, পশ্চিমবঙ্গ রাজ্যের মাননীয় রাজ্যপাল এবং কোম্পানির মধ্যে সম্পাদিত ০৫-জুলাই-৯১ তারিখের চুক্তি অনুযায়ী ৩৩ বছরের ইজারার প্রথম মেয়াদ ২৮-ফেব্রুয়ারি-২৩ তারিখে সমাপ্ত হয়েছে। ইজারা চুক্তি নবায়নের জন্য পর্যটন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকারের কাছে ১১-অক্টোবর-২২ তারিখের চিঠির মাধ্যমে প্রয়োজনীয় আবেদন করা হয়েছে, যা বর্তমান তারিখ পর্যন্ত কার্যকর হওয়ার অপেক্ষায় রয়েছে। এটি এবং এর শর্তাবলী চূড়ান্ত হওয়া অপেক্ষমান থাকা অবস্থায়, বিচক্ষণ হিসাবরক্ষণ নীতি অনুসরণ করে সম্ভাব্য বৃদ্ধির জন্য নিজস্ব বিচারবুদ্ধি প্রয়োগ করে ব্যবস্থাপনা কর্তৃক প্রাক্কলিত ফি এবং চার্জের জন্য সঞ্চিতি এই আর্থিক ফলাফলে বজায় রাখা হয়েছে। তদ্ব্যতীত, পূর্ববর্তী চুক্তির শর্তানুসারে সমস্ত এই ধরনের ফি এবং চার্জ প্রদান অব্যাহত রাখা হয়েছে। ব্যবস্থাপনা কর্তৃক যেমন উল্লেখ করা হয়েছে, নবায়নের আবেদনটি সক্রিয় বিবেচনাধীন রয়েছে এবং পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক এ বিষয়ে নীতিগত অনুমোদন প্রদান করা হয়েছে, এবং ইজারা নবায়ন হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। তদনুসারে, উপরোক্ত চুক্তিতে প্রদত্ত নিয়ম ও শর্তাবলী অনুসারে কার্যক্রম এবং সংশ্লিষ্ট ব্যবস্থাসমূহ চলমান হিসেবে বিবেচনা করা হয়েছে এবং অবচয় ইত্যাদির প্রয়োজনীয় সঞ্চিতি অন্তর্ভুক্ত করা হয়েছে এবং আর্থিক ফলাফলসমূহ চলমান প্রতিষ্ঠান ভিত্তিতে প্রস্তুত রাখা অব্যাহত রয়েছে।

৪ "পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন বিভাগ ("রাজ্য সরকার"), পূর্ববর্তী বছরে জারিকৃত তাদের একটি পত্রের মাধ্যমে এবং একতরফা সিদ্ধান্তের ভিত্তিতে, ০৮-নভেম্বর-২৫ থেকে আনুমানিক ১.৪৬ একর পরিমাণ বিশিষ্ট নির্দিষ্ট কিছু জমি পুনঃদখল করেছে, যা পূর্বে কোম্পানির দ্বারা রাজ্য সরকারের সাথে বিদ্যমান ইজারা/কার্যক্রম সংক্রান্ত ব্যবস্থার অধীনে কোম্পানির "এফঅ্যান্ডবি এবং অন্যান্য বিনোদনমূলক সুবিধাদি" পরিচালনার জন্য ব্যবহৃত হচ্ছিল। কোম্পানির সাথে মূল ইজারা ব্যবস্থার অধীনে এটি সমাপ্তি/আনুষ্ঠানিক রূপ দেওয়ার পূর্বেই উক্ত পুনঃদখল এবং কার্যক্রমের হস্তান্তর কার্যকর করা হয়েছিল।

উপরের দ্রষ্টব্য ৩-এ উল্লিখিত ইজারা নবায়ন এবং উপরোক্ত ব্যবস্থার আনুষ্ঠানিক রূপ দেওয়া অপেক্ষমান থাকা অবস্থায়, কোম্পানি জনসাধারণের কার্যক্রম এবং গ্রাহক পরিষেবার ধারাবাহিকতার স্বার্থে ডব্লুবিটিডিসিএল-এর পক্ষে এই ধরনের কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনা অব্যাহত রেখেছে। তদনুসারে, ৩০-সেপ্টেম্বর-২৬ তারিখে সমাপ্ত অর্ধ-বছরের জন্য ৭.১৬ লক্ষ টাকা (পূর্ববর্তী বছর সমাপ্ত ৩১-মার্চ-২৬: ৩১.১০ লক্ষ টাকা) ব্যবস্থাপনা ও তত্ত্বাবধান চার্জ হিসেবে অন্যান্য আয়ের অধীনে অন্তর্ভুক্ত করা হয়েছে। তদ্ব্যতীত, পূর্বোক্ত এফঅ্যান্ডবি এবং অন্যান্য বিনোদনমূলক সুবিধা সংক্রান্ত কার্যক্রমের প্রেক্ষিতে ব্যয়িত এবং/অথবা বরাদ্দকৃত খরচ ডব্লুবিটিডিসিএল-এর কাছ থেকে চলমান ভিত্তিতে পুনরুদ্ধার করা হয়েছে। কোম্পানি সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষ/সংস্থাসমূহের সাথে আলোচনা চালিয়ে যাচ্ছে এবং এই বিষয়ে কোনো আনুষ্ঠানিক চুক্তির অনুপস্থিতিতে বর্তমানে পরিচালিত কার্যক্রমের স্থিতি সম্পর্কে রাজ্য সরকারের সংশ্লিষ্ট দপ্তরসমূহে একটি স্মারকলিপি/প্রতিনিধিত্বও জমা দিয়েছে। বর্তমান তারিখ পর্যন্ত এ বিষয়ে সিদ্ধান্তের প্রতীক্ষা করা হচ্ছে এবং এটি নির্ধারিত হলে আনুষঙ্গিক কোনো সমন্বয় থাকলে তা কার্যকর করা হবে।"

৫ ভারত সরকার ২১-নভেম্বর-২৫ তারিখের বিজ্ঞপ্তির মাধ্যমে বেতন কোড, ২০১৯, শিল্প সম্পর্ক কোড, ২০২০, সামাজিক নিরাপত্তা কোড, ২০২০ এবং পেশাগত সুরক্ষা, স্বাস্থ্য ও কাজের শর্তাবলী কোড, ২০২০ (যৌথভাবে 'শ্রম কোড' হিসেবে উল্লিখিত) বিজ্ঞাপিত করেছে, যা দেশের তৎকালীন বিদ্যমান একাধিক শ্রম আইনকে সংহত ও প্রতিস্থাপিত করেছে। ফলস্বরূপ, একজন স্বতন্ত্র অ্যাকচুয়ারি কর্তৃক আনুমানিক ও নির্ধারিত বিগত সেবা খরচের কারণে কর্মচারী সুবিধা এবং খরচের উপর সম্ভাব্য প্রভাব হিসেবে ৪৭.০২ লক্ষ টাকা ৩১-মার্চ-২৬ তারিখে সমাপ্ত বছরের আর্থিক বিবরণীতে কর্মচারী সুবিধা ব্যয় হিসেবে অন্তর্ভুক্ত ও প্রকাশ করা হয়েছিল। উপরন্তু, ৩০-সেপ্টেম্বর-২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধ-বছরের জন্য আনুমানিক সঞ্চিতি বর্তমান মেয়াদে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই বিষয়ে অগ্রগতি ও পরবর্তী স্পষ্টীকরণসমূহ পর্যবেক্ষণ করা অব্যাহত রয়েছে এবং পরবর্তী মেয়াদে তা নির্ধারণ সাপেক্ষে আনুষঙ্গিক পরবর্তী সমন্বয়সমূহ কার্যকর করা হবে।

৬ যেখানে প্রয়োজন সেখানে পূর্ববর্তী মেয়াদের পরিসংখ্যানসমূহ পুনরায় সাজানো / পুনর্বিন্যাস করা হয়েছে।

স্থান: কলকাতা
তারিখ: ০৯.১১.